

রাক্ষসিতে বেতন না পেয়ে কর্মকর্তা কর্মচারীদের বিক্ষোভ

বাকুবি প্রতিনিধি

ভিসি না থাকায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী কেউ এপ্রিল মাসের বেতন-ভাতী উঠাতে পারছেন না। বেতন না পেয়ে কাজ ফেলে সোমবার বিক্ষোভ সমাবেশ করেছে কর্মকর্তা-কর্মচারীরা। সর্বশেষ সূত্রে জানা যায়, ভিসি পদত্যাগের পর এক মাস হয়ে গেলেও বিশ্ববিদ্যালয়ে নতুন ভিসি নিয়োগ বা ভারপ্রাপ্ত কাউকে নিয়োগ না দেয়ায় স্বাক্ষরের অভাবে এ জটিলতার সৃষ্টি হয়েছে। আটকে পড়েছে শিক্ষক-কর্মচারীদের বেতন, শিক্ষার্থীদের ট্যার, ইন্টারশিপ, স্টাইপেন্ড, প্রায় দুই শতাধিক গবেষণা কার্যক্রমসহ নানা বিষয়। এ অবস্থায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুল খালেক স্বাক্ষরিত এক চিঠিতে সবাইকে ধৈর্য ধারণের আহ্বান জানানো হয়েছে। ৭ এপ্রিল ভিসি প্রফেসর ড. মো. রফিকুল হক পদত্যাগ করার পর এখনও নতুন ভিসি নিয়োগ না হওয়ায় প্রশাসনিক বিশৃঙ্খলার বিষয়টি দিন দিন জটিল হচ্ছে। বেতন-ভাতার দাবিতে সোমবার দুপুরে প্রশাসনিক ভবনের সামনে জমায়েত হয়ে বিক্ষোভ সমাবেশ করে ৩য়, ৪র্থ ও কারিগরি সমিতির কর্মকর্তা-কর্মচারীরা। এ সময় তারা বলেন, প্রতি মাসের প্রথম সপ্তাহের ভেতর সব কর্মচারী তাদের বেতন পেয়ে থাকে। কিন্তু মে মাসের ১০ দিন চলে গেলেও আমরা এখনও বেতন পাইনি। ২০ এপ্রিল বিলে ভিসির স্বাক্ষর করার কথা ছিল। কিন্তু ভিসি না থাকায় ওই বিল পাস হয়নি।